69

দৈনিক ইত্তেফাক

তারিখ 16 MAR 1998
পৃষ্ঠা ৩ কলাম ৭

**৪জন থানা শিক্ষা অফিসারসহ প্রায় ২শত পদ শূন্য**

# চাঁদপুরে প্রাথমিক শিক্ষা কার্যক্রম বিঘ্নিত

চাঁদপুর সংবাদদাতা ॥ জেলার ৭টি থানার মধ্যে ৪জন থানা শিক্ষা অফিসার, ৯জন সহকারী থানা শিক্ষা অফিসার, ৪জন অফিস সহকারী, ২জন এম,এল,এস,এস, ২৯জন প্রধান শিক্ষক ও ১৬০টি সহকারী শিক্ষকের পদ কয়েক মাস যাবৎ শূন্য রহিয়াছে। ফলে প্রাথমিক কার্যক্রম বিঘ্নিত হইতেছে। হাজীগঞ্জ, হাইমচর, কচুয়া ও মতলব থানায় কোন শিক্ষা অফিসার না থাকায় বিভাগীয় কার্যক্রমে বিঘ্ন ঘটিতেছে। ইহাছাড়া অফিসার ও শিক্ষকের অভাবে প্রাথমিক শিক্ষা কার্যক্রমের অন্যান্য কাজও গোঁজামিল দিয়া চালান হইতেছে। অনেক

(৫ম পৃঃ দ্রঃ)

## চাঁদপুরে প্রাথমিক শিক্ষা

(৩য় পৃঃ পর)

বিদ্যালয়েই খাতাপত্রের কাজ এবং বাস্তবের কাজে বিরাট পার্থক্য রহিয়াছে।

চলতি শিক্ষা বর্ষে জেলার ৭টি থানার জন্য বিনা মূল্যে বই বিতরণ করা হইয়াছে ২ লক্ষ ৮৮ হাজার ৯৩ সেট। কিন্তু ৮৮ হাজার ১৪৭টি শিশু নতুন বই পায় নাই। তাহারা শিক্ষা গ্রহণে ব্যর্থ হইতেছে।

বিনা মূল্যে বই বিতরণের কথা থাকিলেও কয়েকটি বিদ্যালয়ে জনপ্রতি ২০/২৫ টাকা করিয়া নিয়া বই দেওয়া হইয়াছে বলিয়া অভিযোগ পাওয়া গিয়াছে।

### বাগেরহাটে

বাগেরহাট সংবাদদাতা ॥ জেলা শিক্ষা অফি রের পদ বিগত ৯ মাস যাবৎ শূন্য থাকায় মাধ্যমিক বিদ্যালয় সমূহের প্রশাসনিক কাজে বিঘ্ন ঘটিতেছে। বাগেরহাট সরকারী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক স্বীয় দায়িত্ব ছাড়াও শিক্ষা অফিসারের দায়িত্ব পালন করিতেছেন।